বিসমিল্লাহির রাহমানির রাহিম

# সাটুরিয়া ইউনিয়ন পরিষদ কার্যালয়

পোঃ সাটুরিয়া, উপজেলাঃ সাটুরিয়া, জেলাঃ মানিকগঞ্জ।

**E-mail: saturiaunionparishad@gmail.com**

স্মারক নং সাটু/ইউপি ২০২৩(        )                                                                তারিখ ঃ ২৫/০৫/২০২৩ ইং

বরাবর,
উপজেলা নির্বাহী অফিসার
সাটুরিয়া, মানিকগঞ্জ।

বিষয়ঃ সাটুরিয়া ইউনিয়ন পরিষদের ২০২৩-২০২৪ অর্থ বৎসরের প্রস্তাবিত বাজেট চুড়ান্ত অনুমোদনের জন্য প্রেরন প্রসঙ্গে।

উপযুক্ত বিষয়ের আলোকে জানানো যাইতেছে যে, সাটুরিয়া ইউনিয়ন পরিষদের ২০২৩-২০২৪ অর্থ বৎসরের বাজেট, পরিষদের উন্মুক্ত বাজেট সভায় পাশ করে চুড়ান্ত অনুমোদনের জন্য আপনার বরাবর প্রেরণ করা হইল। অনুমোদিত বাজেটের এক কপি সাটুরিয়া ইউনিয়ন পরিষদে প্রেরণের জন্য অনুরোধ করা হইল।

সংযুক্তঃ ২০২৩-২০২৪ ইং অর্থ বৎসরের বাজেট ৫ ফর্দ।

চেয়ারম্যান
সাটুরিয়া ইউনিয়ন পরিষদ
সাটুরিয়া, মানিকগঞ্জ।

অনুলিপি সদয় প্রেরন করা হলোঃ

০১। ডিডিএলজি,মানিকগঞ্জ

বিসমিল্লাহির রাহমানির রাহিম

# ৭নং সাটুরিয়া ইউনিয়ন পরিষদ কার্যালয়

(ত্রলজিডি আইডি নং-৩৫৬৭০৮৫)

উপজেলাঃ সাটুরিয়া, জেলাঃ মানিকগঞ্জ।

# ৭নং সাটুরিয়া ইউনিয়ন পরিষদের উন্মুক্ত বাজেট

# অর্থ বৎসর ২০২৩-২০২৪ ইং

বিস্‌মিল্লাহির রাহ্‌মানির রাহিম

<u>সাটুরিয়া ইউনিয়ন পরিষদের উন্মুক্ত বাজেট সভার কার্যবিবরণী ঃ</u>

সভার তারিখ ঃ ২৫/০৫/২০২৩ইং

সভার সময় ঃ.১২.০০ঘটিকা

সভার স্থান ঃ সাটুরিয়া ইউনিয়ন পরিষদ সভা কক্ষ।

সভাপতি ঃ মোঃ আনোয়ার হোসেন পিন্টু,
চেয়ারম্যান, সাটুরিয়া ইউনিয়ন পরিষদ
সাটুরিয়া, মানিকগঞ্জ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা হাজিরা পরিশিষ্ট (ক) দ্রষ্টব্য

সভায় সভাপতি আগামী ২০২৩-২০২৪ অর্থ বছরের সাটুরিয়া ইউনিয়ন পরিষদের আজকের এই বাজেট সভায় উপস্থিত সম্মানিত বিভিন্ন দপ্তরের কর্মকর্তাবৃন্দ, সম্মানিত শিক্ষকবৃন্দ, বিভিন্ন গ্রামের গণ্যমান্য ব্যক্তিবর্গ, সুশীল সমাজের ব্যক্তিবর্গ, সাংবাদিকবৃন্দ এবং এনজিও প্রতিনিধিবৃন্দ, পরিষদের সম্মানিত সদস্যবৃন্দ সম্মানিত সকলকে এই বাজেট সভায় উপস্থিতির জন্য আন্তরিক মোবারকবাদ সহ শুভেচ্ছা জ্ঞাপন করিতেছি। বাজেট কি? সংক্ষেপে বলেন যে, কোন প্রতিষ্ঠানের বার্ষিক আয় ও ব্যয়ের আনুমানিক হিসাবকে বাজেট বোঝায় । তবে ব্যাপক অর্থে আয়-ব্যয়ের পরিকল্পনা বাস্তবায়নের বিভিন্ন দিক ও কার্যপদ্ধতি নিরুপন বাজেটের অর্ন্তভূক্ত । Instutute of cost and work accountant of England এর ভাষ্য অনুযায়ী বাজেট হচ্ছে আর্থিক ও পরিমানগত বিবরণ যা নির্ধারিত সময়ের পূর্বেই তৈরি করা হয় এবং পূর্ব নির্ধারিত উদ্দেশ্য বাস্তবায়নের জন্য কর্মপন্থা অন্বেষণ করতে সাহায়তা করে। একই সাথে বাজেট একটি অর্থ নিয়ন্ত্রন পদ্ধতি ও ভবিষ্যৎ কর্মের সঠিক রুপরেখা। যা হলো বিগত কয়েক বছরের কার্যাবলির অভিজ্ঞতার উপর ভিত্তি করে আথিক বছরের আয়-ব্যয়ের লক্ষ্যমাত্রা নির্ধারন ও কর্মসম্পাদন। বাংলাদেশ ১৯৭১ সালে ১৬ই ডিসেম্বর সশস্ত্র সংগ্রামের মাধ্যমে চুড়ান্ত বিজয় হয়। পৃথিবীর মানচিত্রে স্বাধীন সার্বভৌম একটি রাষ্ট্র প্রতিষ্ঠিত হয় এবং ১৯৭২ সালে ১৬ই ডিসেম্বর আমাদের সংবিধান বলবৎ হয়। রাষ্ট্রীয় মূলনীতি হিসাবে সংবিধানে চারটি মূলনীতি হচ্ছে জাতীয়তাবাদ সমাজতন্ত্র, গণতন্ত্র ও ধর্ম নিরপেক্ষতা। রাষ্ট্রের অন্যতম মূল লক্ষ্য হবে গণতান্ত্রিক পদ্ধতিতে এমন একটি শোষনমুক্ত সমাজতান্ত্রিক সমাজ প্রতিষ্ঠা সকল নাগরিকের জন্য আইনের শাসন, মৌলিক মানবাধিকার এবং রাজনৈতিক, অর্থনৈতিক ও সামাজিক সাম্য স্বাধীনতা ও সুবিচার নিশ্চিত হবে। স্থানীয় সরকার বলতে স্থানীয় জনগন কর্তৃক নির্বাচিত প্রতিনিধি দ্বারা পরিচালিত এমন স্থানীয় প্রতিষ্ঠান সমূহকে বোঝায়। যাদের দায়িত্ববলি র্নিদিষ্ট এলাকায় সীমাবদ্ধ থাকে এবং তাহা পালনের নিমিত্তে নিজস্ব আয়ের উৎস হিসাবে স্থানীয় কর ধার্য ও আদায় করতে পারে। বাংলাদেশের সংবিধানের ১১,৫৯ ও ৬০ অনুচ্ছেদের স্থানীয় শাসন ও গণতন্ত্র প্রতিষ্ঠার বিষয় উল্লেখ আছে। ১১ তে উল্লেখ আছে যে, প্রশাসনের সকল পর্যায়ে নির্বাচিত প্রতিনিধিদের মাধ্যমে জনগণের কার্যকর অংশগ্রহন নিশ্চিত করতে হবে। অনুচ্ছেদ ৫৯ এ উল্লেখ আছে যে, আইন অনুযায়ী নির্বাচিত ব্যাক্তিদের সমন্বয়ে গঠিত প্রতিষ্ঠান সমূহের উপর প্রজাতন্ত্রের প্রত্যেক প্রশাসনিক একাংশে স্থানীয় শাসন ভার প্রদান করা হবে। প্রতিষ্ঠান সমূহ আইনের মাধ্যমে প্রদত্ত দায়িত্ব পালন করবে। অনুচ্ছেদ ৬০ এ উল্লেখ আছে যে ৫৯ অনুচ্ছেদের বিধানাবলীতে পূর্ণ কার্যকারিতা দানের উদ্দেশ্যে সংসদ আইনের দ্বারা উক্ত অনুচ্ছেদে উল্লেখিত স্থানীয় শাসন সংক্রান্ত প্রতিষ্ঠান সমূহকে স্থানীয় কর আরোপ করার ক্ষমতাসহ বাজেট প্রস্তুতকরণ ও নিজস্ব তহবিল রক্ষণাবেক্ষনের ক্ষমতা প্রদান করেছে। বর্তমানে বাংলাদেশে দুই ধরনের স্থানীয় সরকার রয়েছে যেমন, গ্রামীণ স্থানীয় সরকার ও নগর স্থানীয় সরকার। গ্রামীণ স্থানীয় সরকার প্রতিষ্ঠান সমূহের প্রাথমিক স্তরের ইউনিয়ন পরিষদের অবস্থান গ্রামীণ আর্থ সামাজিক উন্নয়ন, পরিকল্পনা ও বাস্তবায়ন এবং জনগণের অংশ গ্রহন নিশ্চিত করতে ইউনিয়ন পরিষদের গুরত্ব অপরিসীম । গ্রামীণ স্থুনীয় সরকার প্রতিষ্ঠান হিসাবে ইউনিয়ন পরিষদ বিভিন্ন সময় বিবর্তনের মধ্য দিয়ে আত্মপ্রকাশ করেছে।

সভার সভাপতি আজকের এই বাজেট সভায় বিগত ২০২২-২০২৩ অর্থ বছরের আয়-ব্যয়ের যাবতীয় হিসাব খাতওয়ারী উপস্থাপন করেন। পরিষদের হিসাব নিরীক্ষা ও হিসাব রক্ষণ স্থায়ী কমিটি কর্তৃক পরীক্ষান্তে প্রকৃত আয় ১,৮৯,২৮,৫৩০/= টাকা এবং প্রকৃত ব্যয় ১,৮৬,২৮,০০০/= টাকা এবং উদ্বৃত্ত ৩,০০,৫৩০/- টাকা উহা উপস্থাপন করেন। সভায় উক্ত ২০২৩-২০২৪ অর্থ বছরের আয় ও ব্যয় সর্ব সম্মতিক্রমে অনুমোদিত হয়। সভায় সভাপতি সাহেব ২০২৩-২০২৪ অর্থ বছরের খসড়া বাজেট পরিষদের হিসাব নিরীক্ষা ও হিসাব রক্ষণ স্থায়ী কমিটি কর্তৃক যাচাই বাছাইকৃত বাজেটে সম্ভাব্য আয় টাকা = ২,০৯,৪৭,৩৮০/= এবং সম্ভাব্য ব্যয়=২,০৩,২৯,৩৮০/= টাকা এবং উদ্বৃত্ত = ৬,১৮,০০০/= টাকা সম্বলিত বাজেট পেশ করিয়া তিনি বলেন যে, হোল্ডিং ট্যাক্স সমগ্র ইউনিয়নে এসোসরের মাধ্যমে এ্যামেসমেন্ট করিয়া ১০,০০,০০০/- টাকা ধার্য করা হয়েছে এবং আগামী অর্থ বছরের উক্ত ১০,০০,০০০/- টাকা ধার্য করার প্রস্থাব করেন। পল্লী বিদ্যুৎ এর প্রতিটি খুটির মূল্যের শতকরা ২ টাকা হারে কর এবং ইউনিয়ন পরিষদ আদর্শ কর তফশিল ২০১২ অনুযায়ী পেশাবৃত্তি ও ব্যবসা কর আরোপের প্রস্তাব করেন। বেসরকারি স্কুল ৩,০০০ টাকা, টিউটোরিয়াল ২,০০০ টাকা, কোচিং সেন্টার

১,৫০০ টাকা, ক্লিনিক ১,৫০০ টাকা, প্যারামেডিক্যাল ১,৫০০ টাকা, বেসরকারি হাসপাতাল ২,৫০০ টাকা, ডায়গনষ্টিক সেন্টর ১,৫০০ টাকার নিবন্ধন এবং নবায়ন ফি আরোপের প্রস্তাব করেন। তিনি আরও বলেন যে, ট্রেড লাইসেন্স ফি খাতওয়ারী যথাক্রমে সকল প্রকার ফ্যাক্টরী ৫০০০/ টাকা, সকল প্রকার এজেন্ট ২০০০/- টাকা, ইট ভাটা ৫০০/- টাকা, জেনারেট ব্যবস্থা ১০০০/- টাকা, মুরগীর ফার্ম ১০০০/- টাকা, সকল প্রকার ক্র্যাশিং মিল ১০০০/- টাকা, ইট ভাটা ৫০০০/-টাকা, জেনারেট ব্যবস্থা ১০০০/- টাকা ডিস লাইন প্রতি চ্যানেল ৩০০/- টাকা, সকল প্রকার আমদানী ও রফতানী ২৫০০/- টাকা,ধান, চাউল, পাট, মৎস্য, তেল, ময়দা আটা, ডিম ৫০০/- টাকা ইট বালু ও পাথর ৫২০০/- টাকা, দন্ত চিকিৎসক ১০০০/- টাকা, হোটেল ও রেষ্টুরেন্ট ৫০০/- টাকা, সিরামিক সামগ্রী বিক্রেতা ৩০০/- টাকা, ইঞ্জিনিয়ারিং ওর্য়াক সপ৫০০/- টাকা, অনাবসিক হোটেল ও রেষ্টুরেন্ট ৫০০/- টাকা, সকল প্রকার যান্ত্রিক যানবাহন ২৫০/- টাকা, পরিবহন এজন্সী ৫০০/- টাকা, কাপড় ব্যবসায়ী ৫০০/- টাকা, ছাপা খানা ৫০০/- টাকা,ঘড়ির দোকান ৩০০/- টাকা জুয়েলারী ৪০০/- টাকা, এম.এস.রড/সি আই শীড ৫০০/- টাকা, টিভি ফ্রিজ ১০০০/- টাকা, শুধু মেরামতের দোকান টিভি৪০০/- টাকা ডির্পাট মেন্টাল ষ্টোর ৫০০/- টাকা, ফার্মেসী ৫০০/- টাকা, হোমিও ফার্মেসী ৩০০/- টাকা, চশমার দোকান ৩০০/- টাকা, জুতা ও ছাতার দোকান ৫০০/- টাকা ডেকোরেটর ব্যবসা ৫০০/-টাকা, হাট, বাজার কর ৫০০০/- টাকা, বইয়ের লাইব্রেরী ৫০০/- টশা, মুদি ব্যবসা ৫০০/- টাকা, টেনলারিং ব্যবসা বড় ১০০০/- টাকা টেনলারিং ব্যবসা ছোট ৫০০/- টাকা, ফটো ষ্টুডিও ৩০০/- টাকা, মিষ্টির দোকান ৫০০/- টাকা ফলের দোকান ৪০০/- টাকা, বৈদ্যুতিক সামগ্রী ৫০০/- টাকা, হার্ডওয়ার ব্যবসা ৫০০/- টাকা, সেনিটারী সামগ্রী ব্যবসা ৫০০/- টাকা সিগারেট ও পাসের দোকান ৪০০/- টাকা, আসবাবপত্র ব্যবসা ১০০০/- টাকা, জ্বালানী কাঠ ৪০০/- টাকা, বাইসাইকেল ব্যবসা ৫০০/- টাকা, মটর সাইকেল ব্যবসা ১৫০০/- টাকা, গামেন্টস তৈরী পোশাক ৫০০/- টাকা, মাইক ভাড়া ব্যাবসা ৩০০/- টাকা, হার্ডর্বোড / পারটেক্স ফরমিকার ৩০০/- টাকা, ফোম রেক্সিন ৩০০/- টাকা, ফটেষ্ট্রাট ব্যবসা ৫০০/- টাকা ফেক্সিলোড ৫০০/- টাকা কাশা পিতল ৫০০/- টাকা টিভি, পার্চ ও এন্টিনা ৩০০/- টাকা এল পি গ্যাস ৫০০/- টাকা, রংয়ের এজেন্ট ৫০০/- টাকা, রংয়ের ব্যবসা ৩০০/- টাকা, মোবাইল ফোন বিক্রতা ৫০০/- টাকা সার ও কীটনাশক ঔষধ ৫০০/- টাকা, রিয়েল স্টেট/বিল্ডার্স/ডেভেলপ ১০০০০/- টাকা, ব্যাগ/ সুকেস ৩০০/- টাকা, স্পোর্টস ৩০০/- টাকা, শেয়ার কাটিং সেলুন ৩০০/- টাকা লন্ড্রি ৩০০/- টাকা, মাছ বিক্রেতা ৩০০/-টাকা কম্পিউটার দোকান ৫০০/- টাকা, টাকা ডোউটিন প্লেনশীট ৫০০/- টাকা, পুরাতন কাঠের দরজা ও জানালা দোকান ১০০০/- টাকা, বিভিন্ন মাপের চেরাই কাঠ ৫০০/- টাকা, গোলাই কাঠ ১০০০/- টাকা, সংবাদ পত্র ৫০০/- টাকা, বেডিং ব্যবসা ৫০০/- টাকা, বিভিন্ন পানীয় ও বেকারীজ ফুড্স খুচরা ৫০০/- টাকা, ট্রেনিং সেন্টার ২৫০০/- টাকা, বিশেষ ঠিকাদারঃ ১ম শ্রেনী ২০০০/- টাকা, ২য় শ্রেনী ঠিকাদার১০০০/- টাকা, ৩য় শ্রেনী ঠিকাদার ও রশি ব্যবসা ৫০০/- টাকা, কসাই/ মাংস ব্যবসা ৫০০/- টাকা, কলা ফলমূল ৪০০/- টাকা, এ্যলুমেনিয়াম তৈজষ পত্র ৫০০/- টাকা, ওয়ারিশান সার্টিফিকেট ২০০/- টাকা, এনজিও ৫,০০০/- টাকা, টলিভ্যান ১০০/- টাকা, সি,এন,জি ও অটো-রিক্সা ৩০০/- টাকা, মোবাইল টাওয়ার ১০,০০০/- টাকা। জন্মনিবন্ধন সরকারী বিধি অনুযায়ী বলবৎ থাকবে, মৃত্যু সনদ ১০০/- টাকা ধার্যের প্রস্তাব করা হইয়াছে। তিনি আরও বলেন যে, বকেয়া ট্রেড লাইসেন্স ফি জরিমানাসহ আদায় করার প্রস্তাব করা হয়েছে।

সভায় ২০২৩-২০২৪ অর্থ বৎসরের খসড়া বাজেট নিয়া ব্যাপক আলাপ আলোচনা হয়। সভায় উপস্থিত সদস্য বৃস্দ খসড়া বাজেটের ব্যাপারে কোন প্রকার দ্বিমত প্রকাশ করেন নি, এছাড়া খসড়া বাজেটে যথাযথ বলে মনে করেন বিধায় উহা সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বরাবর প্রেরণের জন্য সভাপতি অনুরোধ করা হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

মোঃ আনোয়ার হোসেন পিন্টু
চেয়ারম্যান
সাটুরিয়া ইউনিয়ন পরিষদ
সাটুরিয়া মানিকগঞ্জ।

বিসমিল্লাহির রাহমানির রাহিম

# সাটুরিয়া ইউনিয়ন পরিষদ কার্যালয়

উপজেলাঃ সাটুরিয়া, জেলাঃ মানিকগঞ্জ।

---

**রাজস্ব ( নিজস্ব) আয় = ৪৭,৫৫,৩৮০/-**

**রাজস্ব (উন্নয়ন) আয় = ১,৬১,৯২,০০০/-**

**মোট = ২,০৯,৪৭,৩৮০/-**

**রাজস্ব ( নিজস্ব) ব্যয় = ৪৪,৮৫,৩৮০/-**

**রাজস্ব ( উন্নয়ন) ব্যয় = ১,৫৮,৪৪,০০০/-**

**মোট = ২,০৩,২৯,৩৮০/-**

**মোট আয় = ২,০৯,৪৭,৩৮০/-**

**মোট ব্যয় = ২,০৩,২৯,৩৮০/-**

**উদ্বৃত্ত = ৬,১৮,০০০/-**